দৈনিক সংবাদ

20

তারিখ 6 MAY 1990 ৫
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

২৫

# শিক্ষাক্ষেত্র থেকে দুর্নীতি নির্মূলে সরকার প্রতিশ্রুতি বদ্ধ

—কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ শিক্ষার মাধ্যমে একটি মৌলিক চাহিদা পূরণের জন্য আন্তরিক সেবা দিতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার প্রতি আহ্বান জানিয়েছেন। খবর বাসস'র।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ উপলক্ষে তিনি গতকাল শনিবার

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## কাজী জাফর

(১ম পাতার পর)

মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং বিভাগীয় প্রধানদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

সাবেক শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ মনসুর আলী সরকার, শিক্ষা সচিব এ, এন, এম ইউসুফ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সচিব আনিসুর রহমান এ সময় উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্র থেকে সব ধরনের দুর্নীতি নির্মূলের জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এর আগে তিনি তথ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং বিভিন্ন বিভাগের প্রধানদের উদ্দেশে বক্তৃতা করেন।